# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 08 April, 2025

চট্টগ্রামে পচাগলা দুর্গন্ধযুক্ত মাংস ও মেয়াদহীন বোরহানির বোতল সংরক্ষণ করার দায়ে ‘হাজী বিরিয়ানি হাউসকে’ এক লাখ টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।এবিপি নামের রেস্টুরেন্টে খাবারে ক্ষতিকর রং ব্যবহারের কারণে ৬ হাজার টাকা জরিমানা, হোটেল হান্নান আল ফয়েজ এন্ড রেস্তোরাঁয় খাদ্য দ্রব্যে তেলাপোকার উপস্থিতির কারণে ২০ হাজার টাকা, মেয়াদ উত্তীর্ণ বোরহানি বিক্রির কারণে হাজী নান্না বিরিয়ানি হাউসকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

মঙ্গলবার (৮ এপ্রিল) নগরীর নিউমার্কেট মোড়ে এই অভিযানে ৪টি প্রতিষ্ঠানে ১ লাখ ২৯ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনা করেন উপপরিচালক মোহাম্মদ ফয়েজ উল্যাহ, সহকারী পরিচালক রানা দেবনাথ, মো. আনিছুর রহমান এবং মাহমুদা আক্তার।

মাংস পচা জরিমানা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:53

URL: https://timestodaybd.com/chittagong/523775807